

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ৩৭

তারিখঃ নভেম্বর ১১, ২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

### ৩৬০ দিন বিলম্ব মূল্য পরিশোধ ব্যবস্থায় মূলধনী যন্ত্রপাতি আমদানি প্রসংগে।

গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন-২০০৯, ভলিউম-১ এর ৭ নম্বর অধ্যায়ের ৩৩(এ) নম্বর অনুচ্ছেদ এবং এতদবিষয়ে পরবর্তীতে জারিকৃত সার্কুলারে কতিপয় পণ্যসহ মূলধনী যন্ত্রপাতি ৩৬০ দিন বিলম্ব মূল্য পরিশোধ ব্যবস্থায় আমদানির ক্ষেত্রে এলসি স্থাপনের বিষয়ে জাপিত নির্দেশনার প্রতি অনুমোদিত ডিলারদের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে। অনুমোদিত ডিলারদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বিলম্বিত সময় কোনভাবেই বৃদ্ধি ছাড়াই ৩৬০ দিনের মধ্যে আমদানিকারক আমদানি দায় পরিশোধে সক্ষম এবং এ সময়ে যথাযথভাবে পরিপালনে ইচ্ছুক আমদানিকারকের আমদানির ক্ষেত্রেই আলোচ্য প্রাধিকার ব্যবহার করতে হবে। ৩৬০ দিনের অধিক বিলম্বিত সময়ের জন্য মূলধনী যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে বিনিয়োগ বোর্ডের বাছাই কমিটির অনুমোদন সাপেক্ষে বৈদেশিক ঝাগের আওতায় এলসি স্থাপন করতে হবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি যথাযথ পরিপালন করার জন্য অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ আব্দুল মাল্লান)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৩১৯